

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কপিরাইট অফিস, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় গ্রন্থাগার ভবন, আগারগাঁও, শেরেবাং লা নগর, ঢাকা।
www.copyrightoffice.gov.bd

স্মারক নং-৪৩.২৯.০০০০.০০১.০৩.১৩৮.১৬-

তারিখ-২৩/০৯/২০১৮

বিষয়ঃ জাতীয় শূদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতিঃ জাফর রাজা চৌধুরী

তারিখ ও সময়ঃ ২৩/০৯/২০১৮, সকাল ১০:০০ ঘটিকা

স্থানঃ রেজিস্ট্রারের অফিস কক্ষ

উপস্থিত তালিকাঃ সংযুক্ত “ক”

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার প্রারম্ভে ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও কপিরাইট ডেপুটি রেজিস্ট্রার মিজ জোহরা বেগম সভার আলোচ্যসূচি অনুযায়ী তথ্যাদি উপস্থাপন করেন। শূদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে কপিরাইট অফিস কর্তৃক নিম্নোক্ত কার্যক্রমগুলো গ্রহণ করা হয়েছে মর্মে তিনি জানান :

- ক) রেজিস্ট্রেশন সংক্রান্ত বিষয়ে জটিলতা এড়ানোর জন্য হেল্পডেস্ক চালু করা হয়েছে এবং এর কার্যক্রম আরও সফলভাবে পরিচালনার জন্য তৎপর হওয়ার পরামর্শ দেয়া হয়েছে এবং তদারকি কাজ জোরদার করা হয়েছে ;
- খ) কপিরাইট অফিসের বিদ্যমান আইন ও বিধি-বিধান পর্যালোচনা এবং সমস্যা চিহ্নিত করে সংশোধন প্রস্তাব প্রণয়নের কার্যক্রম চলমান রয়েছে ;
- গ) কারও কোন ধরনের অভিযোগ থাকলে তা শুনানির জন্য সোমবার কে নির্দিষ্ট দিবস হিসেবে নির্ধারন করা হয়েছে; অভিযোগ প্রাপ্তির পরিপ্রেক্ষিতে নির্ধারিত তারিখে শুনানি গ্রহণের জন্য ব্যবস্থা রাখা হয়েছে ;
- ঘ) রেজিস্ট্রেশনের ডাটা সফটওয়্যারে এন্ট্রিকরার বিষয়ে উদ্যোগ গ্রহণ করা হচ্ছে ;
- ঙ) সকল অনিষ্পন্ন কাজ দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করার তাগিদ প্রদান করা হয়েছে ;
- চ) শূদ্ধাচার ও সুশাসন নিশ্চিত করার ক্ষেত্রে সমস্যাসমূহ চিহ্নিতকরণ ও সমাধানে আলোচনা অব্যাহত রয়েছে ;
- ছ) ই-টেন্ডারিং বিষয়ে CPTU এর সাথে রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন হয়েছে ;

৩। গৃহীত কার্যক্রমগুলো যথাযথভাবে তদারকির মাধ্যমে বাস্তবায়ন দ্রাধিত করার লক্ষ্যে নৈতিকতা কমিটিকে সক্রিয় হওয়ার জন্য সভাপতি সকল কর্মকর্তা-কর্মচারির মনোযোগ আকর্ষণ করেন।

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(জাফর রাজা চৌধুরী)
রেজিস্ট্রার অফ কপিরাইট

ও

সভাপতি

জাতীয় শূদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি
কপিরাইট অফিস, ঢাকা।
ফোন : ৯১১৯৬৩২